

**জাতীয় বিশ্ববিদ্যালয়  
প্রতিষ্ঠার উদ্যোগ**

(ইত্তেফাক রিপোর্ট)

একটি জাতীয় বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করা হইতেছে। এই বিশ্ববিদ্যালয় অনুমোদনদানকারী বিশ্ববিদ্যালয়ের কাছ করিবে। জাতীয় অর্থনৈতিক পরিষদ প্রকল্পটি অনুমোদন করিয়াছে। এখন শুধু সংসদের অনুমোদন বাকী।

(১১শ পৃ: ৫-এর ক: ড:)

**জাতীয় বিশ্ববিদ্যালয়**

(১ম পৃ: পর)

সংসদের আগামী অধিবেশনে এ ব্যাপারে বিল পেশ করা হইবে। বর্তমানে দেশের তিনটি বিশ্ববিদ্যালয় কলেজসমূহের অনুমোদন দিয়া থাকে। প্রস্তাবিত জাতীয় বিশ্ববিদ্যালয় চালু হইলে এককভাবে এই বিশ্ববিদ্যালয় অনুমোদন দান, কারিকুলাম প্রণয়ন, পরীক্ষা পদ্ধতি নিয়ন্ত্রণ, বাস্তবায়ন, অনার্স কোর্স চালু সহ বিভিন্ন বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করিবে।

গত রবিবার শিক্ষামন্ত্রীর সভাপতিত্বে এক উচ্চ পর্যায়ের বৈঠকে বিষয়টি নিয়া আলোচনা হয়। এই বৈঠকে বিশ্ববিদ্যালয়সমূহের উপাচার্যগণ উপস্থিত ছিলেন। এই প্রকল্পের চেয়ারম্যান ড: এম. এ. বারী বৈঠকে প্রকল্পের অগ্রগতি সম্পর্কে বিস্তারিত বিবরণ দেন। দেশে বর্তমানে ৮৭১টি কলেজ রহিয়াছে। ইহার মধ্যে ৪২১টি কলেজে ডিগ্রী পড়ানো হয়। ১৩টি কলেজে অনার্স এবং ৩টি কলেজে পোস্ট গ্রাজুয়েট চালু রহিয়াছে।

প্রস্তাবিত জাতীয় বিশ্ববিদ্যালয় স্থাপিত হইলে দেশে ডিগ্রী কলেজসমূহে যে অব্যবস্থা বিরাজমান আছে তাহার নিরসন সম্ভব হইবে বলিয়া কর্মকর্তারা আশা করিতেছেন। এ সম্পর্কে ড: বারীর সহিত যোগাযোগ করা হইলে তিনি বলেন : কাজ চলিতেছে। সংসদে পেশের আগে কিছুই বলা সম্ভব নহে।

৫